কালের কণ্ঠ

তারিখ 11 APR 2016
পৃষ্ঠা ১৯ কলাম ৩

# এইচএসসি পরীক্ষার্থীকে কুপিয়ে হত্যা

**বরিশাল অফিস ▷**

বরিশালের লাকুটিয়া এলাকায় এক উচ্চ মাধ্যমিক (এইচএসসি) পরীক্ষার্থীকে কুপিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা। তাঁর নাম আমিনুল ইসলাম রজমান (১৯)। এ ঘটনায় একজনকে আটক করা হয়েছে।

পূর্বশত্রুতার জের ধরে গত শনিবার সন্ধ্যায় আমিনুলকে কুপিয়ে জখম করা হয়। গতকাল রবিবার সকালে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে নেওয়ার পথে তাঁর মৃত্যু হয়।

নিহত এই এইচএসসি পরীক্ষার্থী সদর উপজেলার চরবাড়িয়া বাটনা গ্রামের আব্দুর রশিদ হাওলাদারের ছেলে। তিনি নগরের আব্দুর রব সেরনিয়াবাত কলেজ থেকে পরীক্ষা দিচ্ছিলেন।

স্থানীয় লোকজন জানায়, এলাকায় বড়-ছোট নিয়ে দ্বন্দ্বের জের ধরেই এ হত্যাকাণ্ড ঘটেছে বলে তাদের ধারণা। গত শনিবার সন্ধ্যায় আমিনুলকে ফোন করে বাড়ি থেকে ডেকে নিয়ে যাওয়া হয় লাকুটিয়া বাজার এলাকায়। পরে তাঁকে এলোপাতাড়ি কুপিয়ে গুরুতর জখম করা হয়। আমিনুলের চিৎকার শুনে এলাকাবাসী এগিয়ে গেলে দুর্বৃত্তরা পালিয়ে যায়।

আশঙ্কাজনক অবস্থায় আমিনুলকে শের-ই-বাংলা মেডিক্যাল কলেজ হাসপাতালে নেওয়া হয়। পরে সেখান থেকে ঢাকা মেডিক্যালে পাঠানো হয়। কিন্তু পথে তাঁর মৃত্যু হয়।

স্থানীয় লোকজন আরো জানায়, গতকাল সকালে আমিনুলের মৃত্যুর খবর পাওয়ার পর এলাকাবাসী হত্যাকাণ্ডে জড়িতদের গ্রেপ্তার ও বিচারের দাবিতে বরিশাল-বাবুগঞ্জ-মুলাদী সড়কে গাছ ফেলে বিক্ষোভ করে। এ ছাড়া ছয়টি বসতঘর ভাঙচুর করে।

বরিশাল বিমানবন্দর থানার সহকারী কমিশনার আবুল কালাম আজাদ জানান, ঘটনার সঙ্গে জড়িত অভিযোগে সাব্বির হোসেন নামের একজনকে আটক করা হয়েছে। এলাকায় উত্তেজনা থাকায় পুলিশ মোতায়েন করা হয়েছে।